# মার্কেন্টাইল ব্যাংক পিএলসি

## কুমিল্লা শাখা, কুমিল্লা

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক**

# বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, কুমিল্লা শাখা, কুমিল্লা-এর খেলাপী ঋণগ্রহীতা রেখা আক্তার ভুঁঞা, পিতা- মোঃ আইয়ুব আলী ভূঁইয়া, মাতা- মাফিয়া আক্তার, বর্তমান ঠিকানাঃ হোল্ডিং নং-৯২২/১, ভূঁইয়া হাউজ, পূর্ব বাগিচাগাঁও মসজিদ রোড, ১নং কান্দিরপাড়, ওয়ার্ড-১০, ডাকঘর- কুমিল্লা-৩৫০০, থানাঃ কোতোয়ালী মডেল, জিলাঃ কুমিল্লা ও মোঃ সোলায়মান মামুন, পিতাঃ আব্দুস সোবহান মিয়াজী, মাতাঃ রোকেয়া বেগম স্থায়ী ও বর্তমান ঠিকানাঃ মুহুরী বাড়ী, সৈয়দপুর, কালিরবাজার, ডাকঘর- কুমিল্লা ক্যান্টনমেন্ট সাব পোস্ট অফিস-৩৫০১, থানা- কোতোয়ালী মডেল, জিলাঃ কুমিল্লা-এর নিকট ২৯/০৭/২০২৬ইং তারিখ পর্যন্ত সুদাসল অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ৩৪,৪৯,৮০৬.৫৭ (চৌত্রিশ লক্ষ উনপঞ্চাশ হাজার আটশত ছয় টাকা সাতান্ন পয়সা) মাত্র এবং আদায় কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে রেখা আক্তার ভুঁঞা, পিতা- মোঃ আইয়ুব আলী ভূঁইয়া, মাতা- মাফিয়া আক্তার, বর্তমান ঠিকানাঃ হোল্ডিং নং-৯২২/১, ভূঁইয়া হাউজ, পূর্ব বাগিচাগাঁও মসজিদ রোড, ১নং কান্দিরপাড়, ওয়ার্ড-১০, ডাকঘর- কুমিল্লা-৩৫০০ থানাঃ কোতোয়ালী মডেল, জিলাঃ কুমিল্লা কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে সিলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**দরপত্রের শর্তাবলী**

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ০৩.০৯.২০২৬ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সিলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিস্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে **মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, কুমিল্লা শাখা,** কুমিল্লা-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরিউক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে-পারবেন।

৫. মার্কেন্টাইল ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৬, কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৭. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

**বন্ধকীকৃত সম্পত্তির তফসিল :**

জেলা-কুমিল্লা, থানা-কোতোয়ালী, সাব-রেজিস্ট্রি অফিস-সদর, মৌজাঃ কান্দিরপাড়, জে এল নং-সাবেক ২৮৫, হাল- বিএস ৯৬ খতিয়ান: আরএস-৩৭৭, বিএস (ডিপি)-৬৮১, মিউটেশন খতিয়ান-৪৯২৬ দাগ নম্বরঃ আরএস-১৩৭, বিএস-১১৩৭, জমির পরিমাণঃ ৫.৮৮ শতাংশ, জমির মালিক-রেখা আক্তার ভুঁঞা।

পক্ষে: ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, কুমিল্লা শাখা, কুমিল্লা।
ফোন নম্বর: ০১৭১৩-৩৮৪৪৯৮, ০৯৬৭৮-১৪২১৩৯।

**Zahidul Alam Chowdhury**
FVP & Head of Branch (PA-975)
Mercantil Bank PLC
Cumilla Branch, Cumilla